Series ΣHEFG

Set-4

Q.P. Code 5

रोल नं.
Roll No. 

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

# বাংলা

# BENGALI

*নির্ধারিত সময় : 3 ঘণ্টে* | *অধিকতম অংক : 80*

*Time allowed : 3 hours* | *Maximum Marks : 80*

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** ছাপা পৃষ্ঠা রয়েছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **18** টি প্রশ্ন আছে।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনও উত্তর লেখা চলবে না।

- Please check that this question paper contains **15** printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **18** questions.
- **Please write down the serial number of the question in the answer-book before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

**General Instructions :**

1. The question paper contains 16 printed pages.
2. The question paper contains 18 questions.
3. The question paper is divided into **two** parts.

   **PART – A :** Objective type paper (MCQ) : **40** Marks

   **PART – B :** Descriptive paper : **40** Marks
4. **PART – A** has **three** sections :

   **Section – A : Reading (Unseen Comprehension) : 10 Marks**

   **Section – B : Grammar : 5 Marks**

   **Section – C : Main Course Book : 25 Marks**

   **PART – B** has **two** sections :

   **Section – A : Grammar : 12 Marks**

   **Section – B : Supplementary Reader/Non-detailed Text : 19 Marks**

   **Section – C : Creative Writing : 9 Marks**

**PART – A : Objective Type (MCQ)**

**Section – A (Reading) (Unseen Comprehension)**

1. নিচের তিনটি অনুচ্ছেদ থেকে যে কোনো দুটি অনুচ্ছেদ পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর : **2 × 5 = 10**

   (A) চোদ্দটা গ্রাম নিয়ে একটা গ্রাম। গ্রামের নাম চোদ্দডাঙা, গ্রাম নয় যেন পৃথিবী। কোনো গ্রামে পন্ডিতেরা তর্ক করেন, পুরুতেরা পুঁথি পড়েন, কোনো গ্রামে টোলমন্দিরের বালাই নেই, কামার আর কুমোরের আড্ডা কাসা পেতলের খন্ খন্ ঝন্ ঝন্ আওয়াজ, খড় ও মাটি ছেনার খর্ খর্ সপ্ সপ্ শব্দ। কোনো গাঁয়ে আবার শুধু হাতির হুংকার আর মল্লদের দাপাদাপি। মোটামুটি পৃথিবীতে যা আছে, তা আছে এই চোদ্দডাঙা গ্রামে, আর পৃথিবীতে যা নেই, তাও হয়তো নেই এই চোদ্দডাঙা গ্রামে। এর চেয়ে আশ্চর্যের ব্যাপার আর কী হতে পারে।

চোদ্দডাঙা গ্রামের চোদ্দটি জমিদার চোদ্দ ডাঙার বিশাল বৈঠক খানায় বসে সকালে প্রজাশাসন করেন, দুপুরে নাক ডাকিয়ে অঘোরে ঘুমোন আর সন্ধ্যা হতে না হতে গোঁফে তা চোখে সুর্মা দিয়ে আলবোলা – শট্‌কা নিয়ে এক-একটি ক্ষুদে দেবতার মতো ইন্দ্রসভার মতন নাট মন্দির জমিয়ে বসেন – ষোলো ঝাড়ের আলোয় কবিগান শুনে, ছোকরা নাচ দেখে বাহবা দিতে দিতে তাঁদের শরীর ক্লান্ত হয়ে পড়ে, চোখের পাতা জড়িয়ে আসে, তখন জমিদাররা দল বেঁধে তাঁদের বিশাল শয়নঘরে ঘুমোতে যান।

সেদিন চোদ্দটি জমিদার সকালবেলা বসে মহা আরামে প্রজাপীড়ন করছেন, বাঁশডলা আর নাকডলা কোনটি প্রয়োগ করলে প্রজার খাজনা না দেওয়ার ব্যাধি আরোগ্য হবে এই নিয়ে নিজেদের ভিতর তুমুল তর্ক করছেন, এমন সময় সিংদুয়ারে একটা হৈ হৈ শোনা গেল।

I. উল্লেখিত গ্রামটি অন্যান্য গ্রাম থেকে কোন ক্ষেত্রে পৃথক ?

(a) সেখানে পণ্ডিতেরা তর্ক করেন

(b) সেখানে পণ্ডিতেরা পুঁথি পড়েন

(c) চোদ্দটা গ্রাম নিয়ে এই গ্রামটি তৈরী

(d) গ্রামে টোল মন্দিরের বালাই নেই

II. চোদ্দটি জমিদার নিচের কোন কাজটি করেন না ?

(a) দল বেঁধে শিকার করতে যান
(b) দুপুরে নাক ডাকিয়ে ঘুমান

(c) নাট মন্দিরে কবিগান শোনেন
(d) চোখে সুর্মা লাগান

III. যখন সিংদুয়ারে হৈ হৈ শোনা গেল তখন জমিদাররা কী করছিলেন ?

(a) শুয়ে নাক ডাকছিলেন

(b) নাট ঘরে নাচ দেখছিলেন

(c) প্রজাপালন করছিলেন

(d) প্রজাদের থেকে খাজনা আদায়ের উপায় খুঁজছিলেন।

IV. গ্রামে কীসের আওয়াজ শোনা যেত না ?

(a) মন্দিরের কাঁসর ঘন্টা
(b) হাতির হুংকার

(c) মাটি ছেনার শব্দ
(d) কাঁসা পেতলের আওয়াজ

V. 'প্রজাপীড়ন' – এর বিপরীত শব্দ কোনটি ?

(a) প্রজাশাসন
(b) প্রজাপালন

(c) রাজাপীড়ন
(d) রাজা পালন

(B) খবরটা শুনিয়া গণেশ রায় স্তম্ভিত হইলেন। তিনি সম্ভ্রান্ত কন্ট্রাক্টর। স্বয়ং মিনিস্টার খাল খননের কাজ স্বচক্ষে পরিদর্শন করিতে আসিতেছেন, এই খবর পাইয়াই তাহাকে কলিকাতা হইতে ছুটিয়া আসিতে হইয়াছে; নহিলে বীরভূমের এই জনহীন ও বৃক্ষহীন প্রান্তরে তিনি ছুটিয়া আসিতেন না। সরকারী পূর্তবিভাগে তাহার নাম ডাক আছে। অথচ তিনি নিজে হাজির থাকা সত্ত্বেও ঠিক মিনিস্টারের পরিদর্শনের দিন মাটি কাটার চারশ মজুর কাজ বন্ধ করিয়া বসিলে তাহার সম্মান থাকিবে কি ?

"ব্যাটাদের বদমায়েশিটা দেখলেন, স্যার ? ঠিক সময়ে কোপ দিয়ে বসেছে।"

তাঁবুর স্বল্প পরিসরের মধ্যে বারবার পায়চারি রত প্রভুর প্রতি সহানুভূতি প্রকাশ করিয়া গণেশবাবুর বিশ্বস্ত কর্মচারী ভগীরথ সামন্ত মন্তব্য করিলেন, 'নিশ্চয়ই এর পিছনে দুষ্ট লোকের উসকানি আছে। নইলে কুলিদের পেটে এতো শয়তানি। ... ইদিকে আমি মন্ত্রীর অভ্যর্থনার জন্য সব বন্দোবস্ত করে ফেলেছি। বাগ্‌দীপাড়ার কুলবধূরা এসে শাঁখ বাজাবে, সাঁওতাল আর বুনোদের দল ঢোল মাদল বাজাতে আসছে, অভ্যর্থনার ফটক তো রেডিই, ফটকের উপর থেকে কারা কারা মন্ত্রীর মোটরে পুষ্পবর্ষণ করবে তাও ঠিক আছে। মানে অভ্যর্থনার কোনো ত্রুটিই রাখা হয় নি। ইদিকে মন্ত্রীমশাই যা পরিদর্শন করতে আসছেন, তাই যদি ফাঁকা পড়ে থাকে ....।

I. গণেশ রায় কলকাতা থেকে ছুটতে ছুটতে বীরভূমে এসেছেন কেন ?

(a) নতুন কন্ট্রাকটারির কাজ পাবেন বলে

(b) মিনিস্টার আদেশ দিয়েছেন বলে

(c) মজুররা কাজ বন্ধ করে দিয়েছে শুনে

(d) মিনিস্টার নিজে পরিদর্শনে আসছেন শুনে

II. হঠাৎ করে গণেশ রায় বিপদে পড়লেন কেন ?

(a) চার-শ মজুর কাজ বন্ধ করে ছিল

(b) কন্ট্রাকটারির কাজটা বাতিল হয়ে গেল

(c) মিনিস্টার আসার দিন তিনি বীরভূম পৌঁছাতে পারলেন না

(d) বীরভূমে পৌঁছে দেখলেন সেখানে মিনিস্টারের অভ্যর্থনার কোনো আয়োজন করা হয় নি

III. ভগীরথ সামন্ত কে ছিলেন ?

(a) কন্ট্রাক্টর (b) মিনিস্টার

(c) কর্মচারী (d) কুলি

IV. মিনিস্টারের অভ্যর্থনার জন্য তারা নিচের কোন ব্যবস্থাটি করেনি ?

(a) বাগ্‌দী পাড়ার কুলবধূরা শাঁখ বাজাবে

(b) সাঁওতালেরা ঢোল-মাদল বাজাবে

(c) ফটকের উপর থেকে মন্ত্রীর উপর পুষ্পবর্ষণ করা হবে

(d) গ্রামের মেয়েরা গান গাইবে

V. 'আসিতেছেন' শব্দটি চলিত ভাষার সঠিক রূপটি হবে –

(a) এলেন (b) আসছেন

(c) আসিছেন (d) এসেছেন

(C) ১৮৯৮ সালে কুরি দম্পতি আবিষ্কার করলেন একটি ধাতু যার বিকীরণ ক্ষমতা ইউরেনিয়ামের চাইতে বহুগুণ বেশি। তারা এর নাম দিলেন পোলোনিয়াম। মাদাম কুরির দেশ পোল্যাণ্ড। পোল্যান্ডের নামানুসারেই এই ধাতুটির ঐ নাম রাখা হয়েছিল। এই ধাতুর রশ্মি বিকীরণের ক্ষমতার নাম দেওয়া হল রেডিয়ো-অ্যাক্টিভিটি। আমরা বাংলায় বলি তেজস্ক্রিয়তা। ১৯০৩ সালে কুরি দম্পতি এই বিরাট কৃতিত্বের জন্য একসঙ্গে পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার পেলেন। কিন্তু এখানেই তাদের কৃতিত্ব বা গবেষণা শেষ হয়ে যায়নি। দুজনে সারা দিনরাত পরিশ্রম করতে লাগলেন। কিন্তু দিনরাত তেজস্ক্রিয় পদার্থ নিয়ে কাজ করার ফলে তাঁদের শরীরে নানারকম অসুস্থতা দেখা গেল। শরীর ক্রমেই দুর্বল হতে থাকল। ১৯০৬ সালে একদিন পিয়ের কুরি গাড়ি চাপা পড়ে মারা গেলেন। জীবনে যাকে সবচাইতে বেশি ভালোবাসতেন আর শ্রদ্ধা করতেন তিনি চলে যাওয়ায় মাদাম কুরি দুঃখে একেবারে ভেঙে পড়লেন। তবু তাঁর গবেষণা থেমে যায় নি। তাঁর তখনও ধারণা যে পিচব্লেন্ড থেকে আরও একটি শক্তিশালি তেজস্ক্রিয় পদার্থ আবিষ্কার করতে পারবেন তিনি।

সত্যি সত্যিই তাই হল । ১৯১০ সালে মাদাম কুরি আবিষ্কার করলেন রেডিয়াম নামে একটি পদার্থ । তারপর চলল রেডিয়াম নিয়ে নানান পরীক্ষা নিরীক্ষা । রেডিয়ামের আবিষ্কারের ফলে বিজ্ঞানের জগতে একটা বিরাট তোলপাড় হয়ে গেল । রেডিয়ামকে নানান কাজে লাগনো সম্ভব হল । তাঁর এবারের এই কৃতিত্বের জন্য মাদাম কুরি ১৯১১ সালে রসায়নে নোবেল পুরস্কার পেলেন । কিন্তু রেডিয়ামের রশ্মি তাঁর শরীরকে খুবই অসুস্থ আর দুর্বল করে ফেলেছিল । আরও অনেকদিন গবেষণা করার পর ১৯৩৪ সালের ৪ জুলাই মাদাম কুরির মৃত্যু হয় ।

I. ধাতুর কোন ক্ষমতা আবিষ্কারের জন্য কুরি দম্পতি একসাথে নোবেল পুরস্কার পান ?

(a) ইউরেনিয়াম (b) রেডিয়াম

(c) রেডিয়ো অ্যাক্টিভিটি (d) পিচ্‌ব্লেন্ড

II. কুরি দম্পতির স্বাস্থ্য খুব তাড়াতাড়ি দুর্বল হতে শুরু করল কেন ?

(a) অতিরিক্ত পরিশ্রমের ফলে

(b) তেজস্ক্রিয় পদার্থ নিয়ে কাজ করার ফলে

(c) সময়মতো না খাওয়ার ফলে

(d) দুর্ঘটনার প্রভাবে

III. পিয়ের কুরি মারা যাওয়ার পর মাদাম কুরি কী করলেন ?

(a) তিনি মনের দু:খে গবেষণা বন্ধ করে দিলেন

(b) তিনি দু:খে ভেঙে পড়লেও গবেষণা চালিয়ে যেতে লাগলেন

(c) পিয়ের কুরির মৃত্যু তাঁকে ততটা দু:খ দেয় নি

(d) তিনি নিজে শয্যাশায়ী হয়ে পড়েন

IV. কত সালে মাদাম কুরি রসায়নে নোবেল পেলেন ?

(a) ১৯০৩ সালে (b) ১৯০৬ সালে

(c) ১৯১০ সালে (d) ১৯১১ সালে

V. 'আবিষ্কার' – সন্ধি বিচ্ছেদ কর ।

(a) আবিঃ + কার (b) আবিস + কার

(c) আবিষ + কার (d) আবিঃ + ষকার

## Section – B (Grammar)

2. **যে কোনো পাঁচটি** বাগ্‌ধারা/প্রবাদের সঠিক উত্তর বেছে লেখ : (MCQ) **5 × 1 = 5**

I. 'নির্ভরযোগ্য নয়' — এই অর্থ বোঝাতে কোন বাগধারাটি প্রয়োগ করা হবে ?

(a) বালির বাঁধ (b) ইচঁড়ে পাকা

(c) রাঘব বোয়াল (d) কেউকেটা

II. নীচের কোন বাক্যে "অগাধ জলেব মাছ" — প্রবাদটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(a) ছেলেটি অন্ধ মা-বাপের অগাধ জলের মাছ।

(b) আগে তুমি আমার বন্ধু ছিলে, এখন তুমি আমার কাছে অগাধ জলের মাছ।

(c) টাকা চাইলেই দিতে হবে, এটা কী অগাধ জলের মাছ ?

(d) কথায় মিষ্টি হলেও সীতা অগাধ জলের মাছ, ওকে বিশ্বাস কোরো না।

III. 'কোনো কিছুর প্রত্যাশায় থাকা' এই অর্থটি বোঝাতে নীচের কোন বাগধারাটির প্রয়োগ করা হবে ?

(a) মিছরির ছুরি (b) নয়নের মণি (c) ডুমুরের ফুল (d) তীর্থের কাক

IV. "ধন দৌলত ________, আজ আছে তো কাল নেই।"
শূন্যস্থানে নিচে প্রদত্ত কোন বাগধারাটি প্রয়োগ করা হবে ?

(a) অমাবস্যার চাঁদ (b) কেঁচে গন্ডুষ

(c) জলের আলপনা (d) মিছরির ছুরি

V. 'ওজন বুঝে চলা' বাগধারাটির অর্থ হলো —

(a) বোকামির দন্ড দেওয়া (b) নিজের ক্ষমতা বুঝে চলা

(c) সর্বনাশ প্রত্যক্ষ করা (d) অন্তরে আঘাত দেওয়া

VI. 'অহিনকুল সম্পর্ক' — বাগ্ ধারাটির অর্থ হলো -

(a) বেদম প্রহার (b) নশ্বর বিষয়

(c) স্পষ্ট বক্তা (d) ঘোরতর শত্রুতা

VII. 'বিশৃঙ্খল অবস্থা' বোঝাবার জন্য নীচের কোন বাগ্‌ধারাটি প্রয়োগ করা হবে ?

(a) তাসের ঘর (b) হ য ব র ল

(c) মান্ধাতার আমল (d) আঠারো মাসে বছর

VIII. নীচের কোন বাক্যে 'অন্ধের যষ্টি' বাগ্‌ধারাটির সার্থক প্রয়োগ হয়েছে ?

(a) অন্ধের যষ্টির মতো একমাত্র পুত্রই বিধবা বৃদ্ধার বেঁচে থাকার একমাত্র অবলম্বন।

(b) অন্ধের যষ্টির মতো ছেলেটির কান্ডজ্ঞান বলতে কিছুই নেই।

(c) অন্ধের যষ্টির মতো অল্পেই ভেঙে পড়লে চলবে না।

(d) চোখের সামনে এত বড়ো অন্যায় দেখেও তুমি অন্ধের যষ্টির মতো চুপচাপ বসে থাকলে।

## Section – C (Main Course Book)

3. গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর **(যে কোনো দশটি)** : (MCQ) **10 × 1 = 10**

I. ঝাঁকে ঝাঁকে শকুন নেমে কী করবে ?

(a) বটতলায় পড়ে থাকা বুড়ির মৃতদেহ ঠুকরে খাবে

(b) নদীর ধারে ফেলে আসা বুড়ির মৃতদেহ খুবলে খাবে

(c) ক্ষেত থেকে শষ্য খাবে

(d) গ্রামের ফসলের ক্ষতি করবে

II. মৃত্যুঞ্জয়ের মানসিক পরিবর্তনের সাথে সাথে তাঁর স্ত্রীর কী পরিবর্তন হলো ?

(a) তিনিও মানসিক ভারসাম্য হারিয়ে ফেললেন

(b) তিনি স্বামীর এই আচরণের প্রতিবাদ করলেন

(c) তিনি শয্যাশায়ী হলেন

(d) তিনি গৃহত্যাগী হলেন

III. চানের দোকানের উনুনকে সভ্যতার উনুন বলা হয়েছে কেন ?

(a) উনুনটি আধুনিক রীতিতে তৈরী

(b) উনুনটি গ্যাসের সাহায্যে জ্বলে

(c) কেবল সভ্য মানুষেরা সেইখানে বসে গল্প করে

(d) উনুনটির চারদিকে বসে গ্রামবাসীরা সভ্যজগতের আলোচনা করে

IV. নীচের কোন গুণটি মৃত্যুঞ্জয়ের চরিত্রে লক্ষ্য করা যায় –

(a) দরদি (b) বইয়ের নেশা

(c) তীক্ষ্ণবুদ্ধি (d) অলস

V. মৃত্যুঞ্জয়ের মানসিক পরিবর্তন দেখে নিখিল তার আহারে কী পরিবর্তন এনেছিল ?

(a) প্রয়োজনের অতিরিক্ত খেত

(b) একবেলা খেত

(c) বাঁচার জন্য যতটা প্রয়োজন ততটাই খেত

(d) ভূরি ভোজ করত

VI. মৃত্যুঞ্জয়ের বাড়ির বাজার ও কেনাকাটা কে করে ?

(a) চাকর ও মৃত্যুঞ্জয় (b) মৃত্যুঞ্জয় ও ভাই

(c) ভাই ও স্ত্রী (d) চাকর ও ছোটো ভাই

VII. অবসর সময়ে নিখিলের কীভাবে কাটানোর ইচ্ছে রয়েছে ?

(a) বই পড়ে (b) সমাজ সেবা করে

(c) ঘুরে বেরিয়ে (d) মৃত্যুঞ্জয়ের মতো ভিক্ষে করে

VIII. নিখিলের মতে সবচেয়ে বড়ো পাপ কী ?

(a) সমাজ সেবা না করা (b) লোককে খেতে না দেওয়া

(c) লোককে সাহায্য না করে মারা (d) নিজেকে না খাইয়ে মারা

IX. 'কারো মনে প্রতিবাদ নেই' – কাদের কথা বলা হয়েছে ?

(a) লঙ্গর খানার অন্নপ্রার্থীদের

(b) নিখিলের পরিবারের সদস্যদের

(c) তাদের আফিসের লোকেদের

(d) মৃত্যুঞ্জয়ের পরিবারের সদস্যদের

X. "বড় একটা সমস্যার সঙ্গে তার সংঘর্ষ হয়েছে" – কার সম্পর্কে এই উক্তি ?

(a) মৃত্যুঞ্জয় সম্পর্কে (b) নিখিল সম্পর্কে

(c) মৃত্যুঞ্জয়ের স্ত্রী সম্পর্কে (d) অন্নপ্রার্থীদের সম্পর্কে

XI. বুড়ির হাতে কী ছিল ?

(a) কম্বল (b) লাঠি

(c) থলি (d) চাদর

XII. বুড়ি কীসের প্রতীক ?

(a) ধর্ম সংকীর্ণতার (b) ধর্ম নিরপেক্ষতার

(c) সাম্প্রদায়িকতার (d) অস্পৃশ্যতার

4. পাঠ্য আন্তর্জাতিক কবিতা থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ **(যে কোনো পাঁচটি)** : (MCQ) **5 × 1 = 5**

I. প্রদত্ত বিবৃতি দুটি পড়ে উত্তর দাও :

কবিতাটির মাধ্যমে কবি চেয়েছেন :

**বিবৃতি-১ :** নিরক্ষর শ্রমিক সমাজকে শিক্ষিত করতে।

**বিবৃতি-২ :** শিক্ষার মাধ্যমে শ্রমজীবীদের মধ্যে অধিকার বোধ জাগ্রত করতে।

(a) বিবৃতি ১ এবং ২ দুটোই ভুল
(b) বিবৃতি ১ এবং ২ দুটোই ঠিক
(c) বিবৃতি ১ ঠিক এবং ২ ভুল
(d) বিবৃতি ১ ভুল এবং ২ ঠিক

II. শিক্ষিত হয়ে মজুরদের কাছে কোন প্রশ্ন শুনবেন বলে কবির প্রত্যাশা ?

(a) তাদের পারিশ্রমিক কম কেন ?
(b) পারিশ্রমিকের তুলনায় তাদের শ্রম কম কেন ?
(c) তারা তাদের প্রাপ্য সম্মান থেকে বঞ্চিত কেন ?
(d) মালিকরাও তাদের সাথে সমান শ্রম করে না কেন ?

III. সমাজদরদী কবির কোন মানসিকতার প্রকাশ ঘটেছে এই কবিতায় ?

(a) রাজার তুলনায় শ্রমিকদের অধিক গুরুত্ব দেওয়া
(b) শ্রমিকের তুলনায় রাজাকে অধিক সম্মান দেওয়া
(c) সমাজগঠনে রাজা বা শ্রমজীবী কাউকেই গুরুত্ব না দেওয়া
(d) ইতিহাসের পাতায় মজদুরদের অবদান উল্লেখ না করা

IV. সমাজ ব্যবস্থার পরিবর্তনে কবির দাবী কী ?

(a) শ্রমিকদের আর্থিক সাহায্য দেওয়া
(b) রাজাকে যথাযোগ্য সম্মান দেওয়া
(c) শ্রমিকদের শিক্ষিত করে তোলা
(d) রাজাকে শিক্ষিত করে তোলা

V. কখন শ্রমিকরা প্রশ্ন করবে যে তাদের কথা ইতিহাসের পাতায় উল্লেখ থাকে না কেন ?

(a) যখন তারা রাজাদের ভয় পাবে না
(b) যখন তাদের অধিক পারিশ্রমিক দেওয়া হবে
(c) যখন তারা রাজার মতো ক্ষমতাশালী হবে
(d) যখন তারা সাক্ষর এবং সচেতন হবে

VI. সাত দরজাওয়ালা যিব্স্ গড়ে তোলার পিছনে কীসের অবদান বইয়ে উল্লেখ থাকে না ?

(a) রাজার অর্থ
(b) রাজার ক্ষমতা
(c) শ্রমিকের পরিশ্রম
(d) রাজার প্রতিপত্তি

5. নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির **যে কোনো পাঁচটির** সঠিক উত্তর নির্বাচন কর : (MCQ) **5 × 1 = 5**

I. “বুড়ো হয়ে গেছেন, আর দুদিন বাদেই খাটে উঠবেন মশাই” – উক্তিটি কে, কাকে বলেছে ?

(a) কালীনাথ রামব্রীজকে (b) কালীনাথ রজনীকান্তকে

(c) রজনীকান্ত নিজেকে (d) রজনীকান্ত কালীনাথকে

II. নাটকটি মঞ্চস্থ করতে হলে স্টেজে অভিনয় করার জন্য কত জন অভিনেতার প্রয়োজন ?

(a) এক (b) দুই

(c) তিন (d) চার

III. নাটকে যে দিনটির উল্লেখ রয়েছে সেই সন্ধ্যায় রজনীকান্ত কোন চরিত্রে অভিনয় করেছিলেন ?

(a) দিলদার (b) সাজাহান

(c) বক্তিয়ার (d) মহম্মদ

IV. “মরা হাতি সোয়া লাখ” – নিজেকে মরা হাতির সঙ্গে তুলনা করে রজনীকান্ত কী বোঝাতে চেয়েছেন ?

(a) তাঁর মৃত্যু আসন্ন

(b) তাঁর প্রতিভার মৃত্যু ঘটেছে

(c) বয়স হলেও তাঁর প্রতিভা অক্ষুন্ন রয়েছে

(d) মৃত্যুর পরে তাঁর কোনো মূল্য থাকবে না

V. “সব ভূতুড়ে বাড়ির মতো খাঁ খাঁ করছে” – এখানে কোন জায়গাটিকে ভূতুড়েবাড়ির সাথে তুলনা করা হয়েছে ?

(a) স্টেজ (b) গ্রীনরুম

(c) রজনীকান্তের বাড়ি (d) দর্শকদের আসন

VI. রজনীকান্ত অন্তর থেকে কী বিশ্বাস করেন ?

(a) অভিনেতা একজন ভাঁড় (b) অভিনেতা একজন জোকার

(c) অভিনেতা একজন শিল্পী (d) অভিনেতা একজন নকলনবিশ

6. সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির **যে কোনো পাঁচটির** সঠিক উত্তর নির্বাচন কর : (MCQ)

**5 × 1 = 5**

I. বক্সা বন্দী শিবির কাদের জন্য তৈরী হয়েছিল ?

(a) যারা খাদ্যবস্তুতে ভেজাল মেশায়

(b) যারা টাকা জাল করে

(c) যারা স্বদেশী

(d) যারা পকেট মার

II. নানকার প্রজাদের বিদ্রোহের ফল কী হল ?

(a) পেয়াদারা প্রজাদের পিছমোড়া করে মারতে লাগল

(b) পুলিশ এসে তাদের কাছারিতে ধরে নিয়ে গেল

(c) জমিদার হার মানল

(d) জমিদার প্রজাদের সব সম্পত্তি নীলামে খাস করে নিল

III. নিচে প্রদত্ত কোন শব্দটির অর্থ পোকা ?

(a) ডালু (b) গারো (c) হাজং (d) তহশীলদার

IV. নিচের কোন চরিত্রটি মহাজন নয় ?

(a) নিবেদন (b) মনমোহন (c) চেংমান (d) কুটিশ্বর

V. পাহাড়ে আগুন লাগলে যখন জানোয়াররা প্রাণের ভয়ে পালায় তখন গারো মেয়ে-পুরুষরা কী করে ?

(a) তাদের নিজেদের ঘরে আশ্রয় দেয়

(b) তাদের শিকার করে আনন্দে নাচ-গান করে

(c) তাদের অন্য জঙ্গলে যেতে সাহায্য করে

(d) তাদের তাড়া দিয়ে আগুনের দিকে ঠেলে দেয়

VI. বক্সার জেলের পরিবেশ কেমন ছিল ?

(a) স্বাস্থ্যকর (b) দূষিত (c) আরামদায়ক (d) প্রদূষণমুক্ত

## PART – B (Descriptive Questions)

## Section – A (Grammar)

7. ধ্বনি বিজ্ঞানের নিম্নে প্রদত্ত সূত্রটির উদাহরণসহ সংজ্ঞা লেখ। **2 + 3 = 5**

স্বরসংগতি

8. নিম্নে প্রদত্ত অলঙ্কারটির উদাহরণ সহ সংজ্ঞা লেখ : **5**

যমক

**অথবা**

অলংকার নির্ণয় কর এবং সংজ্ঞা লেখ : (**একটি**) **(Any One)**

(a) নন্দনন্দন চন্দ চন্দন গন্ধ নিন্দিত অঙ্গ।

(b) কষিত কনক কান্তি কমনীয় কায়

(c) আট পণে কিনিয়াছি আধসের চিনি।
অন্যলোকে ভুরা দেয় ভাগ্যে আমি চিনি।

9. যে কোনো **একটি** বাগধারা / প্রবাদের অর্থ লিখে বাক্য রচনা কর। **2**

(a) ছেলের হাতের মোয়া

(b) আঙুল ফুলে কলাগাছ

## Section – B

### (Supplementary Reader/Non Detailed text)

10. শেষ পর্যন্ত মৃত্যুঞ্জয়ের কী অবস্থা ঘটল ? **2**

11. "একটা কাজ করে দিতে হবে ভাই .... টাকাটা কোনো রিলিফ ফাণ্ডে দিয়ে আসতে হবে" – কে, কোন টাকা, কেন রিলিফ ফান্ডে দিতে বলল ? **3**

**অথবা**

"কতক্ষণ সে এই মারমুখী জনতাকে ঠেকিয়ে রাখতে পারত কে জানে" – জনতা কেন মারমুখী ছিল ? কী দেখে তারা থেমে গেল ?

12. প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ : **5**

"আমি কি তাকাব আকাশের দিকে ________
বিধির বিচার চেয়ে"

**অথবা**

শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়।

13. "মরে যাব তবু ভুলব না, তার সেই আশ্চর্য ভালবাসা" – এই ভালবাসার পরিণতি কী হয়েছিল এবং কেন ? **2**

14. "জীবনের ভোর নেই, সকাল নেই, দুপুর নেই, সন্ধ্যেও ফুরিয়েছে – এখন শুধু মধ্যরাত্তিরের অপেক্ষা" – এখানে মধ্য রাত্তিরের তাৎপর্য কী ? **3**

**অথবা**

"আমি বলছি, রজনী চাটুজ্জে মরবে না – কিছুতেই না" – কালীনাথের এই উক্তির তাৎপর্য কী ?

15. নানকার প্রথার সংক্ষিপ্ত বর্ণনা দাও। **2**

16. "স্টেশনের গায়ে ছোট চায়ের দোকান" – স্টেশনের নাম উল্লেখ করে চাওয়ালার সংক্ষিপ্ত বর্ণনা দাও। **2**

## Section – C

## CREATIVE WRITING

17. নিচে সংবাদ পত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও। **2 + 2 = 4**

নিজস্ব প্রতিনিধি, কলকাতা ঃ দক্ষিণবঙ্গে বর্ষা এখনও দুর্বল। যেটুকু বৃষ্টি হচ্ছে, তা মূলত বজ্রগর্ভ মেঘ থেকে। প্রাক বর্ষায় মূলত এপ্রিল-মে মাসে বজ্রগর্ভ মেঘ থেকে বৃষ্টি হয়। সেইসব ক্ষেত্রে বজ্রপাতের প্রবণতাও বেশি থাকে। এবার বর্ষাকালেও বিভিন্ন জেলা থেকে বজ্রঘাতে মৃত্যুর খবর পাওয়া যাচ্ছে। যা প্রাক বর্ষার চরিত্রকেই মনে করিয়ে দিচ্ছে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা গণেশ দাস জানিয়েছেন, দক্ষিণবঙ্গে মৌসুমি বায়ু খুব একটা সক্রিয় নয়। মৌসুমি অক্ষরেখা খুব কম সময় থাকছে গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর। তাই বজ্রগর্ভ মেঘ তৈরি হওয়ার প্রবণতা বেশি। বায়ুমণ্ডলে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প রয়েছে। পাশাপাশি তাপমাত্রাও চড়া থাকছে। এই দুই পরিস্থিতির জন্যই বজ্রগর্ভ মেঘ তৈরি হচ্ছে। এই সময় বজ্রগর্ভ মেঘ থেকে বৃষ্টি ও বজ্রপাত হলেও ঝড়ের দেখা মেলেনি। বুধবার দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বজ্রগর্ভ মেঘ থেকে বৃষ্টি হয়েছে। এখন প্রতিদিনই কম-বেশি বৃষ্টি হচ্ছে। এটা চাষের পক্ষে ভালো। এখন ধানের চারা রোপণের কাজে কিছুটা তৎপরতা এসেছে। তবে বড় এলাকা জুড়ে টানা বৃষ্টি এখনও দেখা যায়নি দক্ষিণবঙ্গে। ওড়িশা উপকূল সংলগ্ন বঙ্গোপসাগরে কয়েকদিনের মধ্যে একটি নিম্নচাপ তৈরি হতে পারে। তার প্রভাব অবশ্য বেশি পড়বে ওড়িশা ও মধ্য ভারতে। তবে ওই নিম্নচাপের প্রভাবে আগামী সপ্তাহে দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টি হতে পারে বলে আবহাওয়াবিদরা মনে করছেন।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

(b) দুটি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর।

18. তোমার বিদ্যালয়ে স্বাধীনতা দিবসের প্লাটিনাম জুবিলি বর্ষ কীভাবে পালিত হয়েছে তা জানিয়ে বন্ধুকে পত্র লেখ। **5**

**অথবা**

আসামের বন্যাকবলিত মানুষকে তুমি সাহায্য করতে চাও। সে সম্পর্কে পিতার কাছে পরামর্শ ও সাহায্য চেয়ে একটি চিঠি লেখ।